# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ই-মেইল dgmsme@krishibank.org.bd

ফোনঃ ০২-২২৩৩৮৮৯৪৯

০২-২২৩৩৫৮৬৮১


নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-০৪(এসএমই)-৭(১০)/২০২২-২৩/ ৫৩১(১২৫০) তারিখঃ ২৪/০৮/২০২২

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **২০২২-২৩ অর্থবছরে সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় সিএমএসএমই খাতের গুরুত্ব অপরিসীম। গুরুত্বপূর্ণ এ খাতকে এগিয়ে নিতে ক্লাস্টারভিত্তিক অর্থায়ন বিশ্বব্যাপি জনপ্রিয় একটি ধারণা। বাংলাদেশের সম্ভাবনাময় ক্লাস্টারসমূহ যথাযথ পৃষ্ঠপোষকতা পেলে তা দেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় উল্লেখযোগ্য অবদান রাখবে মর্মে আশা করা যায়। সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের গুরুত্ব বিবেচনায় প্রতিবছরের ন্যায় ২০২২-২০২৩ অর্থবছরে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো। উল্লেখ্য, বিবেচ্য লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ অর্থবছরে প্রদত্ত সিএমএসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার অন্তর্ভুক্ত থাকবে।

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | ঢাকা | ২২.০০ | বিভাগীয় কার্যালয়সমূহ উপরোক্ত লক্ষ্যমাত্রা বাংলাদেশ ব্যাংক কর্তৃক চিহ্নিত এবং অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা-২০১০ এ ক্লাস্টার সম্পর্কিত সংযোজনী 'ক' এর তালিকা মোতাবেক সম্ভাব্যতার আলোকে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহে বন্টন করবেন এবং তার একটি কপি অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। একইভাবে বিভাগ থেকে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ বাস্তবতার নিরিখে অঞ্চলাধীন শাখা সমূহের মধ্যে বন্টন করে উহার একটি কপি বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন। |
| ০২. | ময়মনসিংহ | ১২.০০ | |
| ০৩. | চট্টগ্রাম | ১৪.০০ | |
| ০৪. | খুলনা | ৮.০০ | |
| ০৫. | বরিশাল | ৪.০০ | |
| ০৬. | সিলেট | ৫.০০ | |
| ০৭. | কুমিল্লা | ১৫.০০ | |
| ০৮. | ফরিদপুর | ৬.০০ | |
| ০৯. | কুষ্টিয়া | ১০.০০ | |
| ১০. | এলপিও | ৪.০০ | |
| | | ১০০.০০ | |

০৩। সিএমএসএমই খাতে ক্লাস্টার ভিত্তিক অর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ১৪/০৮/২০২২ মোতাবেক ক্লাস্টারের আওতাভূক্ত প্রতিষ্ঠানসমূহের পণ্য/সেবার ধরণ বিবেচনায় ক্লাস্টারসমূহকে নিম্নোক্ত ছক অনুযায়ী উচ্চ অগ্রাধিকার ও অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টার হিসাবে চিহ্নিত করা হয়েছেঃ

| | |
|---|---|
| | **উচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টার** |
| ১ | কৃষি/খাদ্য প্রক্রিজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প |
| ২ | তৈরী পোষাক শিল্প, নীটওয়্যার, ডিজাইন ও সাজসজ্জা |
| ৩ | আইসিটি |
| ৪ | চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প |
| ৫ | লাইট ইঞ্জিনিয়ারিং |
| ৬ | পাট ও পাটজাত শিল্প |
| | **অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টার** |
| ১ | প্লাস্টিক ও অন্যান্য সিনথেটিক্স শিল্প |
| ২ | পর্যটন শিল্প |
| ৩ | হোম টেক্সটাইল সামগ্রী |
| ৪ | নবায়নযোগ্য শক্তি (সোলার পাওয়ার) |
| ৫ | অটোমোবাইল প্রস্তুত ও মেরামতকারী শিল্প |
| ৬ | তাঁত, হস্ত ও কারুশিল্প |

বিষয় ঃ **২০২২-২৩ অর্থবছরে সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।**

| অগ্রাধিকারপ্রাপ্ত ক্লাস্টার | |
|---|---|
| ৭ | বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি (এলইডি, সিএফএল বাল্ব উৎপাদন)/ ইলেট্রনিক যন্ত্রপাতি নির্মাণ শিল্প/ ইলেকট্রনিক ম্যাটেরিয়াল উন্নয়ন শিল্প |
| ৮ | জুয়েলারী শিল্প |
| ৯ | খেলনা শিল্প |
| ১০ | প্রসাধনী ও টয়লেট্রিজ শিল্প |
| ১১ | আগর শিল্প |
| ১২ | আসবাপপত্র শিল্প |
| ১৩ | মোবাইল/কম্পিউটার/টেলিভিশন সার্ভিসিং। |

- উপরোক্ত তালিকা মোতাবেক ক্লাস্টারভিত্তিক অর্থায়ন করতে হবে। তালিকা বহির্ভূত ভিন্ন ধরণের কোন ক্লাস্টার চিহ্নিত হলেও অর্থায়ন করা যাবে তবে তা অন্যান্য ক্লাস্টার হিসাবে বিবেচিত হবে।

০৪। এমতাবস্থায়, সিএমএসএমই খাতে ক্লাস্টার ভিত্তিক অর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ১৪/০৮/২০২২ এবং অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা-২০১০ (পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০) এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক অত্র ব্যাংকে ২০২২-২৩ অর্থ-বছরে ক্লাস্টারভিত্তিক সিএমএসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপক এবং অঞ্চল প্রধানগণ উল্লেখিত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

28/08/2022

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০২-২২৩৩৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১০)/২০২২-২০২৩/ ৫০৬(1200) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Hossain
28/08/2022
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক